



তথ্যবিবরণী

নম্বর: ২৫

আরো এক হাজার তরুণকে আউটসোর্সিংয়ের জন্য প্রশিক্ষিত করা হবে
-ময়মনসিংহের মুক্তাগাছায় সংস্কৃতি প্রতিমন্ত্রী

ময়মনসিংহ, ২৫ কার্তিক (১০ নভেম্বর):

সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি বলেছেন, আগামী নির্বাচনের আগেই খুব দ্রুত মুক্তাগাছায় এক হাজার তরুণকে আউটসোর্সিংয়ের জন্য প্রশিক্ষিত করা হবে, তারা ঘরে বসেই আয় করতে পারবে। প্রশিক্ষণটির মূল ভিত্তি হবে, আউটসোর্সিংয়ের মাধ্যমে কীভাবে আয় করা যায়।

প্রতিমন্ত্রী আজ সকালে ময়মনসিংহের মুক্তাগাছায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনায় আয়োজিত ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

প্রধান অতিথি বলেন, ২০০৮ সালে আওয়ামী লীগের নির্বাচনী ইশতাহার এর মাধ্যমে ডিজিটাল শব্দের সাথে আমরা প্রথম পরিচিত হই। যেটা ছিল ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলা। তখন ভাবতাম, ডিজিটাল বাংলাদেশ গড়বো- এটা কী করে, কীভাবে কী হবে। ডিজিটাল বাংলাদেশ গড়ার যিনি কারিগর, যিনি স্বপ্ন দেখেছেন তিনি হলেন মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর পুত্র সজীব ওয়াজেদ জয়। ডিজিটাল বাংলাদেশ গড়ার এই স্বপ্নটার বাস্তবতা আমরা দেখতে পেলাম বৈশ্বিক মহামারি কোভিডের সময়। যখন একটি মানুষও রাস্তায় ছিল না, কিন্তু সারা দেশের মানুষ ঘরে বসে সকল কর্মকান্ড চালিয়ে গিয়েছে। আমরা অফিস করেছি, মিটিং করেছি, দিক নির্দেশনা পেয়েছি। ডিজিটাইজেশনের সৃষ্টির দিক হচ্ছে আজকের এই ডিজিটাল মেলা।

সংস্কৃতি প্রতিমন্ত্রী বলেন, এখন ছোট ছোট বাচ্চারাও ঘরে বসে বহির্বিশ্ব থেকে আয় করে। এখানকার প্রতিটি স্কুলে কম্পিউটার ল্যাব করে দেওয়া হয়েছে এবং সেরকম একটি ট্রেনিং সেন্টারও এই ডিসেম্বরের মাঝেই মুক্তাগাছা উপজেলাতে খোলা হবে। ময়মনসিংহের হাইটেক পার্কটির কাজ সম্পন্ন হলে অনেক লোকের কর্মসংস্থানের সৃষ্টি হবে। তরুণ সমাজকে তার উদ্ভাবনী শক্তি দিয়ে উদ্যোগী হওয়ার আহ্বান করেন তিনি।

মুক্তাগাছা উপজেলার নির্বাহী অফিসার একেএম লুৎফর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন, উপজেলা ভাইস চেয়ারম্যান আরব আলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ জান্নাতুল ফেরদৌস, মুক্তাগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহমুদুল হাসান, বীর মুক্তিযোদ্ধা একেএম রেজাউল করিম জিন্নাহ প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা এর জিএম মোঃ আক্তার হোসেন।

এছাড়াও সকালে উদ্বোধনী অনুষ্ঠানের পূর্বে এ উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালি পরবর্তী ফিতা কেটে মেলার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা সভা শেষে বিভিন্ন দপ্তরের স্টল পরিদর্শন করেন প্রতিমন্ত্রী।

#

মনির/ফয়সাল/সজিব/২০২২/১৬.৪০ ঘণ্টা